

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-৩ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.shed.gov.bd

নং- ৩৭.০০.০০০০.০৭৪.০২৯.০০৩.২০২২-২২৯


তারিখ: ৪ আশ্বিন, ১৪৩১
১৯ সেপ্টেম্বর, ২০২৪

বিষয়: বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের সহকারী শিক্ষক (শরীরচর্চা)-এর এমপিওভুক্ত/ উচ্চতর স্কেল প্রদান সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এমপিও নীতিমালা-২০২১ এর ২০ অনুচ্ছেদ অনুযায়ী শিক্ষক-কর্মচারীর বেতন-ভাতার সরকারি অংশ স্থগিত, বাতিল ও ছাড়করণের লক্ষ্যে গঠিত আপিল কমিটির ১৭.০৪.২০২৪ তারিখে অনুষ্ঠিত সভার নিম্নরূপ সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য মাননীয় উপদেষ্টা, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়েছে:

ক্র.নং	বিবরণ ও পর্যালোচনা
১.	<p>বিষয়: বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের সহকারী শিক্ষক (শরীরচর্চা) পদে নিয়োগপ্রাপ্ত কাম্য যোগ্যতাবিহীন শিক্ষকদের এমপিওভুক্তির বিষয়ে সুপারিশ প্রদানের লক্ষ্যে গঠিত সাব কমিটির প্রতিবেদন।</p> <p>সাব কমিটির প্রতিবেদন: বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এমপিও নীতিমালা-২০২১ অনুযায়ী সহকারী শিক্ষক (শরীরচর্চা) পদে নিয়োগপ্রাপ্ত কাম্য যোগ্যতাবিহীন শিক্ষকদের এমপিওভুক্তির বিষয়ে কোন তারিখ পর্যন্ত নিয়োগপ্রাপ্ত শিক্ষকরা এমপিওভুক্ত হতে পারবেন তা স্পষ্ট নয় বিধায় বিষয়টি স্পষ্টীকরণের জন্য যাচাই বাছাইপূর্বক সুপারিশ প্রদানের বিষয়ে গঠিত সাব কমিটি কর্তৃক গত ২৩/০১/২০২৪ তারিখে একটি প্রতিবেদন প্রেরণ করা হয়।</p> <p>সাব কমিটির সুপারিশ:</p> <p>(ক) শিক্ষা মন্ত্রণালয়ের ১৯.১০.২০১৬ তারিখের ৩৭.০০.০০০০.০৭৩.০৮.০০৬.১৬.৩৫৪ নং পত্র নির্দেশনা অনুযায়ী ২০.০৩.২০০৫ তারিখ বা তার পূর্বে যে সকল শিক্ষক নিয়োগপ্রাপ্ত হয়েছেন তাঁরা এমপিও প্রদানের ক্ষেত্রে বিবেচনায় আসবেন;</p> <p>(খ) নীতিমালা অনুযায়ী যোগদানের ০৫ (পাঁচ) বছরের মধ্যে কাম্য যোগ্যতা অর্জন করলে তাঁকে এমপিও প্রদান করা যাবে। অর্থাৎ ৩১.১২.২০১৬ তারিখ বা তার পূর্বে বিধি মোতাবেক যখনই নিয়োগ কার্যক্রম হোক না কেন সংশ্লিষ্ট শিক্ষক যোগদানের তারিখ হতে ০৫ (পাঁচ) বছরের মধ্যে কাম্য যোগ্যতা অর্জন করলে তাঁকে এমপিও প্রদান করা যাবে।</p> <p>আপীল কমিটির বিশ্লেষণ: ২০০৫ সালে NTRCA কর্তৃক নিবন্ধন সনদ চালু হওয়ায় তখন থেকে শিক্ষক নিবন্ধন সনদ ব্যতীত নিয়োগ প্রদানের কোন সুযোগ নেই। কাম্য যোগ্যতা না থাকলে শিক্ষক নিবন্ধন সনদ পরীক্ষায় অংশগ্রহণের কোন সুযোগ ছিল না।</p> <p>সুপারিশ: বিপিএড সনদ ব্যতীত নিবন্ধন সনদ অর্জনের সুযোগ না থাকায় ২০/০৩/২০০৫ তারিখের পূর্বে কমিটি কর্তৃক নিয়োগের মাধ্যমে সহকারী শিক্ষক (শরীরচর্চা) পদে নিয়োগকৃত কাম্য যোগ্যতাবিহীন শিক্ষকরা যোগদানের তারিখ হতে ০৫ (পাঁচ) বছরের মধ্যে কাম্য যোগ্যতা অর্জন করলে এই সব শিক্ষকদের এমপিও ভুক্ত এবং এ তাদের উচ্চতর স্কেল প্রদান করার বিষয়ে সভায় সুপারিশ করার সিদ্ধান্ত গৃহীত হয়।</p>

২.০ এমতাবস্থায়, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এমপিও নীতিমালা-২০২১ এর ২০ অনুচ্ছেদ অনুযায়ী গঠিত আপিল কমিটির ১৭.০৪.২০২৪ তারিখে অনুষ্ঠিত সভার বর্ণিত সুপারিশ বাস্তবায়নের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(সাইয়েদ এ. জেড. মোঃশেখ আলী)
উপসচিব

ফোন : ৫৫১০০৫১৭

ই-মেইল: nongovt.secondary.sec3@shed.gov.bd


মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন, ঢাকা।



চলমান পাতা/-০২

সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. চেয়ারম্যান, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ), ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।
২. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
৩. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৬. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অঞ্চল.....সকল।
৭. উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অঞ্চল.....সকল।
৮. সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯. জেলা শিক্ষা অফিসার.....।
১০. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার.....।
১১. অধ্যক্ষ/প্রধান শিক্ষক.....।
১২. অতিরিক্ত সচিব (মাধ্যমিক-২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১৩. জনাব.....।
১৪. অফিস কপি।


(সাইয়েদ এ. জেড. মোরশেদ আলী)
উপসচিব